

তারিখঃ ২৮/১০/২০২১ (পৃঃ ০৭)

## দিনাজপুরে হবে সুগন্ধি ধান গবেষণা ইনস্টিটিউট

### ■ দিনাজপুর অফিস

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. শাজাহান কবীর বলেছেন, ধানের জেলা দিনাজপুরে অতি শিগগিরই সুগন্ধি ধান গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হবে। বুধবার দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলার ফতেজংপুর গ্রামে ব্রি-৭৮ ধান জাতের মাঠ দিবস ও ফসল কর্তন উৎসব অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। দিনাজপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ প্রদীপ কুমার গুহের সভাপতিত্বে মাঠ দিবস ও ফসল কর্তন দিবস অনুষ্ঠিত হয়।

মহাপরিচালক ড. মো. শাজাহান কবীর আরো বলেন, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত স্বল্প জীবনকালীন উচ্চফলনশীল জাতের ব্রি ধান-৭৮ চাষ করে ব্যাপক ফলন পেয়েছেন কৃষকরা। কম সময়ে উৎপাদিত ধান ঘরে তুলতে পারায় আগাম ধান কেটে অন্য রবিশস্য যেমন—রসুন, গম, সরিষা ও আলু উৎপাদনের সুযোগ পাচ্ছেন তারা। এতে কৃষকরা লাভবান হচ্ছেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. শহীদুল ইমলাম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. নাজমুল বারী, দিনাজপুর অঞ্চলের ভারপ্রাপ্ত অতিরিক্ত মহাপরিচালক কৃষিবিদ মো. শাহ আলম, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ জোহরা সুলতানা প্রমুখ।